

স্কুল-কলেজে সেরা মেধাবী খোঁজার প্রতিযোগিতা শুরু ১১ মার্চ

যশাবি রিপোর্ট

সরকারি স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা মেধাবী নির্বাচন করবে শিক্ষা মন্ত্রণালয়। তিনটি গ্রুপে চারটি বিষয়ে ১২ জনকে বছরের সেরা মেধাবী নির্বাচন করা হবে। জাতীয়ভাবে বছরের সেরা মেধাবী ১২ জনকে ১ লাখ টাকা করে পুরস্কার দেয়া হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা মেধাবীদের নির্বাচনে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিযোগিতা শুরু হবে আগামী ১১ মার্চ। কৃষক সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সত্বেশন করে, সূচনস্থল মেধা অধিবেশন প্রতিযোগিতা-২০১৩' তরুন আনুষ্ঠানিক ঘোষণা দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা জানান।

এ প্রতিযোগিতাকে মেধা অধিবেশনে শিক্ষা মন্ত্রণালয়ের এ পর্যন্ত সবচেয়ে বড় উদ্যোগ হিসেবে উল্লেখ করে মন্ত্রী বলেন, চূড়ান্ত প্রতিযোগিতায় ১২ জনকে বছরের সেরা মেধাবী ঘোষণা করা হবে এবং বিজয়ীদের পুরস্কার হিসেবে দেয়া হবে ১ লাখ টাকা ও সনদপত্র। প্রায় ১০ লাখ শিক্ষার্থী এ প্রতিযোগিতায় অংশ নেবে বলে আশা প্রকাশ করে মন্ত্রী বলেন, দেশব্যাপী তিনটি পর্যায়ের চারটি বিষয়ে এ প্রতিযোগিতা ১১ মার্চ থেকে ৩০ মার্চ পর্যন্ত চলবে। ষষ্ঠ-অষ্টম, নবম-দশম এবং ও একাদশ-দ্বাদশ এই তিনটি গ্রুপে ভাগ করে জন্ম ও সাহিত্য, বিজ্ঞান, গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ ঐতিহ্য বিষয়ের ওপর প্রতিযোগিতা হবে। শিক্ষা সচিব আমাল আবদুল নাসের চৌধুরী বলেন, এ প্রতিযোগিতার আয়োজন ও পুরস্কার ব্যবস্থা মোট ব্যয় হবে ২ কোটি ৭৮ লাখ টাকা। এ প্রতিযোগিতার জন্য নির্দিষ্টভাবে চূড়ান্ত করা হয়েছে বলেও জানান শিক্ষা সচিব। উপজেলা পর্যায়ের আগামী ১১-১৩ মার্চ, জেলা পর্যায়ের ১৬-১৮ মার্চ, বিভাগীয় পর্যায়ের ১১-১৪ মার্চ এবং জাতীয় পর্যায়ের ২৯-৩০ মার্চ এ প্রতিযোগিতা হবে।

মন্ত্রী বলেন, প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য উপজেলা পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং ঢাকা মেট্রোপলিটন জেলায় কেবলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালকসহ কাছে নাম নিবন্ধন করতে হবে। প্রতিটি উপজেলার স্কুল-কলেজ থেকে প্রতিযোগিতার মাধ্যমে তিনটি গ্রুপে চারটি বিষয়ে ১২ জনকে উপজেলার সেরা মেধাবী বাছাই করে জেলা পর্যায়ের পাঠানো হবে। প্রতিটি জেলা থেকে একইভাবে ১২ জনকে জেলার সেরা মেধাবী বাছাই করে বিভাগীয় প্রতিযোগিতায় পাঠানো হবে। সাতটি বিভাগ ও ঢাকা মহানগরী থেকে নির্বাচিত ৯৬ জন সেরা বিভাগীয় মেধাবী জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নেবে। সেখান থেকেই নির্বাচন করা হবে বছরের সেরা ১২ মেধাবীকে। উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রায় ৭ হাজার বিজয়ীকে অর্থ ও সনদপত্র দেয়া হবে।